



FAMIS

শিশুদের জন্য ভার্জিনিয়ার স্বাস্থ্য বীমা কর্মসূচি

আপনার সামর্থ্য অনুযায়ী মূল্যে আপনার সন্তানদের প্রাপ্য সুরক্ষা!

FAMIS এবং Medicaid for Children কি?

FAMIS ভার্জিনিয়ার শিশুদের জন্য একটি স্বাস্থ্য বীমা কর্মসূচি। যে সমস্ত শিশুদের কোনও স্বাস্থ্য বীমা নেই, এটি তাদের জন্য গুণমানসম্পন্ন স্বাস্থ্য পরিষেবা প্রদান করে। এছাড়াও **Medicaid for Children** আরও অনেক সুবিধা প্রদান করে এবং নিম্ন আয় করা বা কোনও আয় না করা পরিবারগুলির শিশুদের, এমনকি যদি শিশুরা স্বাস্থ্য বীমার আওতায় থাকে, তবুও তাদের অন্তর্ভুক্ত করে। আপনি যখন অন্তর্ভুক্তির জন্য আবেদন করেন, তখন আপনার সন্তানদের ক্ষেত্রে **FAMIS** এবং **Medicaid for Children** উভয়ের জন্য বিবেচনা করা হবে।

কি অন্তর্ভুক্ত আছে?

- ডাক্তারের সাথে সাক্ষাৎ
- হাসপাতাল এবং জরুরীকালীন পরিচর্যা
- সুস্থ্য-সন্তান এবং সুস্থ্য-শিশুর চেকআপ
- শটস (ইনজেকশন/টীকা)
- প্রেসক্রিপশন
- পরীক্ষা এবং এক্স-রে
- চোখ এবং দাঁতের পরিচর্যা
- মানসিক স্বাস্থ্য পরিষেবা
- এবং আরও অনেক কিছু...

FAMIS বা **Medicaid for Children**-এর ক্ষেত্রে আপনার পরিবারের কোনও মাসিক বা বার্ষিক খরচ নেই। শুধুমাত্র **FAMIS**-এ নথিভুক্ত শিশুদের জন্য, নির্দিষ্ট চিকিৎসা পরিষেবার ক্ষেত্রে অল্প পরিমাণে অতিরিক্ত পেমেন্ট (\$2 বা \$5) করতে হয়।

কারা যোগ্যতা অর্জন করেন?

শিশুরা **FAMIS** বা **Medicaid for Children**-এর জন্য যোগ্য হতে পারে, যদি তারা:

- ভার্জিনিয়ায় বসবাস করে এবং তাদের বয়স 19 বছরের কম হয়
- মার্কিন নাগরিক (নাগরিক নয়, এমনও কোনও কোনও ক্ষেত্রে যোগ্য হতে পারে) মা-বাবার নাগরিকত্ব বিবেচনা করা হয় না

- নির্দিষ্ট আয়ের মানদণ্ড পূরণ করে (নিম্নলিখিত চার্টটি দেখুন)

FAMIS-এ আয়ের সীমা (মোট*)

পরিবারের সদস্য সংখ্যা	মাসিক	বার্ষিক
1	\$2,491	\$29,889
2	\$3,369	\$40,426
3	\$4,247	\$50,963
4	\$5,125	\$61,500
5	\$6,004	\$72,037

* 20 জানুয়ারী, 2023 থেকে কার্যকর হয়েছে। আয়ের সীমা প্রতি বছর সমন্বিত করা হয়। অতিরিক্ত নির্দেশিকার জন্য কল করুন।

নথিভুক্ত শিশু সহ অভিবাসী পরিবারগুলিকে কোনও পাবলিক চার্জের লেবেল দিয়ে চিহ্নিত করা হবে না। কোনও পরিবারের মার্কিন নাগরিকত্ব পাওয়ার সক্ষমতার ক্ষেত্রে **FAMIS** বা **Medicaid for Children** প্রাপ্তি কোনোরকম প্রভাব বিস্তার করবে না।

আমি কিভাবে অ্যাপ্লাই করব?

FAMIS এবং **Medicaid for Children**-এর জন্য অ্যাপ্লাই করা খুব সহজ।

শুধুমাত্র টোল-ফ্রি নম্বর 833-5CALLVA এ কল করুন। দোভাষী পাওয়া যায়। আমাদের প্রতিনিধিরা আপনাকে এমন একজনের সাথে সংযুক্ত করে দেবেন যিনি আপনার পছন্দের ভাষায় কথা বলেন।

অথবা অনলাইনে অ্যাপ্লাই করতে commonhelp.virginia.gov-এ লগ ইন করুন।

আপনি আপনার স্থানীয় [সমাজসেবা বিভাগ](#) -এও অ্যাপ্লাই করতে পারেন।

অ্যাপ্লাই করার সময় আপনার যে সমস্ত নথির প্রয়োজন হবে, তার একটি তালিকার জন্য, www.coverva.org -এ যান এবং অ্যাপ্লাই পেজে ক্লিক করুন। আপনার সন্তানরা যদি মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক না হয়ে থাকে, তাহলে



FAMIS

তাদের অভিবাসন সম্পর্কিত স্থিতির প্রমাণ দিতে বলা হবে। আপনার সন্তান যদি মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক হয়, তাহলে অ্যাপ্লাই করার সময় আপনাকে আপনার সন্তানের সামাজিক নিরাপত্তা (Social Security) নম্বর প্রদান করতে বলা হবে।